রেজিস্টার্ড নং ডি এ-১

২০০৫ সনের ৩৯ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২৯, ২০০৫

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৯৩৭—৯৭০ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৭৪৭—১৮১২ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১১৩—১১৬ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৬১৯—১৬৫৮ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . . সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . . . বৎসরের জন্য বাংলাদেশের স্থির চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, ৩টি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) . . . . . . . . . তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
ব্যাংকিং অনুবিভাগ
প্রশাসন শাখা-১

প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ১৮ জানুয়ারী ২০০৫

নং অম/অবি/ব্যাংকিং/শাখা-১/পরি-৩/৯৬(অংশ-১)/২৬—বাংলাদেশ ব্যাংক অর্ডার,১৯৭২(রাষ্ট্রপতির ১৯৭২ সনের ১২৭ নং অর্ডার) এর ১৪(৩) ধারায় প্রদত্ত ক্ষমতা বলে বাংলাদেশ ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক ডঃ ওয়াহিদ উদ্দিন মাহমুদ কে ১৯-০১-২০০৫ হতে ১৮-০১-২০০৭ তারিখ পর্যন্ত আরো ০২ (দুই) বছরের জন্য উপর্যুক্ত পর্ষদে পরিচালক পদে পুনঃ নিয়োগ দেয়া হলো।

জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

তারিখ, ১ ফেব্রুয়ারী ২০০৫

নং অম/অবি/ব্যাংকিং/প্রঃ শাখা-১/পরি-৩/২০০০/৩৭—দি বাংলাদেশ ব্যাংকস্ (ন্যাশনালাইজেশন) অর্ডার, ১৯৭২ (রাষ্ট্রপতির ১৯৭২ সনের ২৬ নং অর্ডার) এর ১০ ধারার প্রদত্ত ক্ষমতা বলে সোনালী ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক জনাব মোঃ সিদ্দিকুর রহমান চৌধুরী, ভারপ্রাপ্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়ের স্থলে জনাব মোঃ শফিকুর রহমান পাটোয়ারী, যুগ্ম-সচিব, অর্থ বিভাগ কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত উপর্যুক্ত ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিচালক পদে নিয়োগ দেয়া হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৩) জনাব স্বদেশ রঞ্জন বড়ুয়া, উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত ই/ এম বিভাগ-৫, ঢাকা।

(২) সাময়িক বরখাস্তকালীন সময়ের জন্য তাহারা বিধি মোতাবেক খোরাকী ভাতা (Subsistance allowance) পাবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ইকবালউদ্দিন চৌধুরী
সচিব।

---

প্রশাসন শাখা-৬

প্রজ্ঞাপন

তারিখ, ৩০ জানুয়ারী ২০০৫

নং প্রশা-৬/রাজ-১২/২০০৫/৩০—সরকার রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের বিভিন্ন শাখার ২০০(দুইশত) নথি গায়েব/চুরি সম্পর্কে তথ্য উদঘাটন এবং সুপারিশসহ প্রতিবেদন পেশ করার জন্য নিম্ন বর্ণিত কর্মকর্তাবৃন্দের সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করলেন।

আহবায়ক

(১) যুগ্ম-সচিব(প্রশাসন)
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

সদস্য

(২) উপ-সচিব(প্রশাসন-১)
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

সদস্য-সচিব

(৩) প্রধান প্রকৌশলী
রাজউক, ঢাকা।

**কমিটির কার্যপরিধিঃ**

কমিটি আগামী ১৫, মার্চ ২০০৫ তারিখের মধ্যে সঠিক তথ্য উদঘাটন এবং সুপারিশসহ বিস্তারিত প্রতিবেদন সরকারের নিকট উপস্থাপন করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মাহফুজুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব।

---

নৌ-পরিবহন মন্ত্রণালয়

টিএ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ৩১ জানুয়ারী ২০০৫

নং নৌপম/টিএ/শা-৮/এম-২৪/২০০৩/৪৪—সরকারী সিদ্ধান্ত মোতাবেক জনস্বার্থে ঘোষিত নদী বন্দরসমূহের উন্নয়ন কর্মকান্ড সফল করার লক্ষ্যে গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে ঘোষিত, নির্ধারিত/পুনঃনির্ধারিত সীমানা অনুযায়ী বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) কে নির্দেশক্রমে নিম্নোক্ত

| ক্রমিক নং | নদীবন্দরের নাম | এস আর ও নং ও তারিখ |
|---|---|---|
| (১) | ভোলা নদীবন্দর। | এসআরও নং-১০৭-আইন/২০০৪, তাং-২১-৪-২০০৪ |
| (২) | মীর কাদিম (মুন্সীগঞ্জ) নদীবন্দর। | এসআরও নং-১১৫-আইন/২০০৪, তাং-২৯-৪-২০০৪ |
| (৩) | মাওয়া নদীবন্দর। | এস আরও নং-১১৬-আইন/২০০৪, তাং-২৯-৪-২০০৪ |
| (৪) | নওয়াপাড়া নদীবন্দর। | এস আরও নং-১১৭-আইন/২০০৪, তাং-২৯-৪-২০০৪ |
| (৫) | আশুগঞ্জ-ভৈরববাজার নদীবন্দর। | এস আরও নং-২৯২-আইন/২০০৪, তাং-১২-১০-২০০৪ |
| (৬) | বরগুনা নদীবন্দর। | এসআরও নং-২৯৩-আইন/২০০৪, তাং-১২-১০-২০০৪ |
| (৭) | চরজানাজাত নদীবন্দর। | এসআরও নং-৩০৪-আইন/২০০৪, তাং-২০-১০-২০০৪ |
| (৮) | ঢাকা নদীবন্দর (পুনঃনির্ধারিত)। | এসআরও নং-৩০২-আইন/২০০৪, তাং-১৯-১০-২০০৪ |
| (৯) | নারায়ণগঞ্জ নদীবন্দর (পুনঃ নির্ধারিত)। | এসআরও নং-৩০২-আইন/২০০৪, তাং-১৯-১০-২০০৪ |
| (১০) | টংগী নদীবন্দর (পুনঃ নির্ধারিত)। | এসআরও নং-৩০২-আইন/২০০৪, তাং-১৯-১০-২০০৪ |

২। যথাযথ কর্তৃক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

তন্দ্রা শিকদার
সিনিয়র সহকারী সচিব।